

# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৯৪]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْو)

পরিচ্ছেদঃ ৫৩: আর এক প্রকার (দরূদ)

نوع آخر

### আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ: حَدَّثَنَا بَكْرٌ وَهُوَ ابْنُ مُضَرَ، عَنِ ابْنِ الْهَادِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ خَبَّابٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ: قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، السَّلَامُ عَلَيْكَ قَدْ عَرَفْنَاهُ فَكَيْفَ الصَّلَاةُ عَلَيْكَ وَرَسُولِكَ كَمَا صَلَيْتَ عَلَى الصَّلَاةُ عَلَيْكَ ؟ قَالَ: قُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ عَبْدِكَ وَرَسُولِكَ كَمَا صَلَيْتَ عَلَى إِبْرَاهِيمَ، وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ.

تخريج دارالدعوه: صحيح البخارى/تفسير الأحزاب ١٠ (٣٧٩٨)، الدعوات ٣٢ (٦٣٥٨)، سنن ابن ماجم/الإقامة ٢٥ (٩٠٣)، (تحفة الأشراف: ٣٠٩٣)، مسند احمد ٣/٣٧ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1294 \_ صحيح

#### বাংলা

১২৯৩. কুতায়বাহ্ (রহ.) ..... আবূ সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম, হে আল্লাহর রসূল! আপনার ওপর সালাম পাঠানোর নিয়ম তো আমরা জানি, কিন্তু আপনার ওপর। দর্মদ কিভাবে পাঠ করব? তিনি (সা.) বলেন, তোমরা বলবে-

"আল্ল-হুম্মা সল্লি আলা মুহাম্মাদিন 'আবদিকা ওয়া রসূলিকা কামা- সল্লায়তা 'আলা- ইবর-হীমা ওয়াবা-রিক 'আলা-মুহাম্মাদিওঁ ওয়া আ-লি মুহাম্মাদিন কামা- বা-রকতা 'আলা- ইবর-হীম।"

(হে আল্লাহ! তুমি তোমার দাস ও তোমার রসূল মুহাম্মাদ (সা.) -এর ওপর রহমত বর্ষণ কর। যেমন তুমি ইবরাহীম আলায়হিস সালাম-এর ওপর রহমত বর্ষণ করেছিলে। আর তুমি মুহাম্মাদ (সা.) ও তাঁর বংশধরের ওপর বরকত বর্ষণ কর, যেমন তুমি ইবরাহীম (আঃ)-এর ওপর বরকত বর্ষণ করেছিলে।)



## **English**

53. Another Version

It was narrated that abu Sa'eed Al-Khudri said: We said: 'O Messenger of Allah (ﷺ), we know how to send salams upon you, but how should we send salah upon you?' He said: 'Say: Allahumma salli 'ala Muhammadin 'abdika wa rasulika kama salaita 'ala Ibrahim wa barik 'ala Muhammadin wa 'ala ali Muhammadin kama barakta 'ala Ibrahim (O Allah, send salah upon Muhammad, Your slave and Messenger, as You sent Salah upon Ibrahim, and send blessings upon Muhammad and upon the family of Muhammad as You sent blessings upon Ibrahim).

## ফুটনোট

সহীহ: বুখারী ৪৭৯৮, ইবনু মাজাহ ৯০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন